

ভূয়া নিবন্ধনে চাকরি

## রংপুরে মাদ্রাসা শিক্ষিকা ও সুপার সাময়িক বরখাস্ত

রংপুর বুরো

ভূয়া নিবন্ধন দিয়ে শিক্ষকতা করার নয় বছর পর চাকরি থেকে সাময়িক বরখাস্ত হলেন মাদ্রাসা শিক্ষিকা ও এ অপর্যবেক সহযোগী সুপারিনটেনডেন্ট। এ ঘটনা ঘটেছে রংপুরের তারাগঞ্জ উপজেলার হাড়াইয়াবুড়ি মাদ্রাসার মাখিল মাদ্রাসায়। অনুসন্ধান জানা গেছে ভূয়া শিক্ষক নিবন্ধন দেখিয়ে ওই মাদ্রাসা সুপারিনটেনডেন্ট ও নিয়োগ কমিটিকে অর্থিক চুরি দিয়ে শিক্ষিকা বিপালী বেগম ২০০৬ সালে চাকরি নেন। এরপর বিদ্যায়ী সম্পর্কে মাদ্রাসার সুপারিনটেনডেন্ট আতাউর রহমান জানলেও কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। উপরস্থ নিয়োগবিধি উপেক্ষা করে তাকে এমপিওভুক্তি করতে

সাহায্য করেন। এ প্রক্রিয়ায় অবৈধভাবে শিক্ষিকা বিপালী বেগম গত ৯ বছর ধরে বেতন-বিল ব্যবস সরকারের কয়েক লাখ টাকা আত্মসাৎ করেন। একপর্যায়ে সুপারিনটেনডেন্ট আতাউর শিক্ষিকা বিপালী বেগমের সঙ্গে অনৈতিক সম্পর্ক গড়ে তোলেন। বিষয়টি জানানো হলে তারা দু'জনেই পালিয়ে যান। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার কাছে একটি লিখিত অভিযোগ করা হয়েছে। মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মাহবুব আলম লেবু চৌধুরী বলেন, ইতিমধ্যে সুপারিনটেনডেন্ট আতাউরসহ শিক্ষিকা বিপালী বেগমকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তদন্ত করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।